২০ ৩৭

দৈনিক সংবাদ

তারিখ 29 APR 1995
পৃষ্ঠা ১ কলাম ৮

# কারণঃ মন্ত্রীপুত্র পরীক্ষা দিচ্ছে

কুমিল্লা, ২৮শে এপ্রিল (জেলা বার্তা পরিবেশক)।– জ্বালানিমন্ত্রী ডঃ খন্দকার মোশাররফ হোসেনের পুত্র খন্দকার মাহবুব হোসেন তুষার দাউদকান্দি পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে এসএসসি পরীক্ষা দেবার সুবাদে কেন্দ্রটিতে অবাধে নকল চলছে।

গত বুধবার ইংরেজি দ্বিতীয় পত্রের পরীক্ষা চলাকালে দেখা গেল স্কুলটির আশপাশের বাসাবাড়ি ও পার্শ্ববর্তী মসজিদের ছাদ দিয়ে এবং স্কুলের বাউন্ডারি

মন্ত্রীপুত্র : পৃঃ ৭ কঃ ৭

## মন্ত্রীপুত্র ঃ পরীক্ষা দিচ্ছে

( ১ম পৃষ্ঠার পর )

দেয়াল টপকে বহিরাগতরা কেন্দ্রে ঢুকছে এবং কাজ সেরে নির্বিঘ্নে বের হয়েও যাচ্ছে। পরীক্ষা কেন্দ্রের ৪শ' গজের মধ্যে ১৪৪ ধারা থাকলেও এই কেন্দ্রের সামনে প্রচুর লোকের ভিড়। যেন পরীক্ষা কেন্দ্র নয়, মেলা বসেছে। আইন-শৃংখলা রক্ষার দায়িত্বে নিয়োজিত কয়েকজনকে দেখা গেছে টাকার বিনিময়ে নকল সরবরাহ করতে।

মন্ত্রীপুত্র তুষার ঢাকা বোর্ড থেকে গত বছর এসএসসি পরীক্ষা দেয় এবং ফেল করে। এ বছর সে কুমিল্লা বোর্ড থেকে পরীক্ষা দিচ্ছে। কোনদিন স্কুলটিতে লেখাপড়া না করেও সে সুন্দলপুর হাইস্কুল থেকে নিয়মিত ছাত্র হিসেবে পরীক্ষায় অংশ নিচ্ছে। তার রোল দাউদ-১ নং ৬৪৩৪৪০। দাউদকান্দি পাইলট উচ্চ বিদ্যালয়ের ৩১ নম্বর কক্ষে সে পরীক্ষা দিচ্ছে। পরীক্ষা যাতে ভাল হয় সেজন্য মন্ত্রীর সংভাই সুন্দলপুর হাইস্কুলের শিক্ষক খন্দকার রাসেদ হোসেন তুষারের পাশে থাকছেন। তুষারের পরীক্ষা নিয়ে স্থানীয় বিএনপি নেতা-কর্মীরাও ব্যস্ত। তবে মন্ত্রীর পুত্রের পরীক্ষা দেয়ার বিষয়টি নিয়ে কেন্দ্রের শিক্ষক, কর্মকর্তা, এমনকি পরীক্ষার্থীরাও রহস্যজনক নীরবতা পালন করছেন। এ বিষয়ে কোন কথা বলতে রাজি নন। একজন পরীক্ষার্থী জানিয়েছে, মন্ত্রীপুত্র পরীক্ষা দিচ্ছে, এ বিষয়ে কোথাও কোন কথা না বলার জন্য কেন্দ্র সচিব সবাইকে সতর্ক করে দিয়েছেন।